স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৬ ও জুন, ২০১৭

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

চতুর্থ পত্র (4th Paper : **Upanyas Ebong Chhotogolpo**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) '' 'কপালকুণ্ডলা' বঙ্কিমের নভেলের মধ্যে সবচেয়ে কাব্যধর্মী।'' — উপন্যাসটি বিশ্লেষণ করে এই মন্তব্যের যথার্থতা নিরূপণ করুন।

(খ) ''বাংলা উপন্যাসের ধারাবাহিকতায় 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের কপিলা চরিত্র এক মৌলিক সংযোজন'' — যুক্তিসহ আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) 'চিকিৎসা সঙ্কট' গল্পের উপজীব্য যে-হাস্যরস, তার মধ্যে আনুপাতিকভাবে বেশি কোন্‌টি — হিউমার না স্যাটায়ার ? বিশ্লেষণ করে দেখান।

(ঘ) রাঢ়-বাংলার প্রকৃতি ও মানুষের সঙ্গে তারাশঙ্করের যে গভীর পরিচয় ছিল, 'তারিণী মাঝি' গল্পে তা কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা করে দেখান।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের কাহিনির বিকাশ ও পরিণতিতে মতিবিবি চরিত্রের ভূমিকা সম্পর্কে আলোচনা করুন।

(খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে পদ্মা নদী যেন একটি চরিত্র হয়ে উঠেছে — আলোচনা করুন।

(গ) 'ধ্বংস' গল্পে রবীন্দ্রনাথের যুদ্ধবিরোধী যে মনটি উদ্ভাসিত হয়েছে, তার পরিচয় দিন।

(ঘ) 'পুঁইমাচা' বিষয়বস্তু হিসেবে নিতান্ত নগন্য, কিন্তু মানব-প্রেমিক বিভূতিভূষণের হাতে তাই অসাধারণ গল্প হয়ে উঠেছে।'' — বক্তব্যটি বিচার করুন।

(ঙ) 'গণেশজননী' গল্পটির ভাবসৌন্দর্য বিশ্লেষণ করে দেখান।

(চ) একটি মনস্তাত্ত্বিক গল্প রূপে 'সুন্দরম' গল্পের সার্থকতা আলোচনা করে দেখান।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক **১০০** শব্দে) ঃ

৬ × ৪ = ২৪

(ক) উপকাহিনি কাকে বলে এবং উপন্যাসে এর প্রয়োজনীয়তা আলোচনা করুন।

(খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের রচনার উৎস সম্পর্কে যা জানা যায় তার পরিচয় লিখুন।

(গ) লেখকের নামসহ চারটি নদী-নির্ভর বা নদীকেন্দ্রিক বাংলা উপন্যাসের নাম লিখুন।

(ঘ) বাংলা ছোটগল্পের বিষয়-বৈচিত্র্য সৃষ্টিতে রবীন্দ্রনাথের অবদান আলোচনা করুন।

(ঙ) পুঁইমাচাটি অন্নপূর্ণা এবং তাঁর ছোট দুই মেয়ের কাছে কীভাবে প্রতিভাত হয়েছিল ?

(চ) 'গণেশজননী' গল্পের কথকের জীবিকা নির্বাহ সম্পর্কে যা জানা যায় লিখুন।

(ছ) সুকুমারের 'ব্রহ্মচর্য' কীভাবে চলত, লিখুন।

(জ) হান্টিং বাংলোয় যাওয়ার আগে গল্প কথকের কেমন অভিজ্ঞতা হয়েছিল ?